

আনন্দবাজার পত্রিকা অনলাইন

০৯ অক্টোবর ২০২৪

প্রথম পাতা কলকাতা পশ্চিমবঙ্গ দেশ বিদেশ সম্পাদকের পাতা খেলা বিনোদন জীবন + ধারা ভিডিও আনন্দ

Anandabazar / World / Bengali community of Bournemouth in UK are excited to celebrate Durga Puja

Durga Puja 2023 মন ফিরে যায় কল্লোলিনীর কলরবেই

বহরের এই চারটে দিনই তো নিজেদের মাটি থেকে বহু দূরেও দেশের মাটির গন্ধ নিয়ে কাটানোর সুযোগ। কে তা হারাতে চায়! শুধু দেশের লোকই নয়, এই পুজোয় ভিড় জমে ইউরোপীয়দেরও।



মা দুর্গার প্রতীমা। বোর্নমাউথের ডরসেট ইন্ডিয়ান অ্যাসোসিয়েশনের পুজোয়। —নিজস্ব চিত্র।

রোহন সেন

Share:



Save:



চোখে যেন নেশা লাগে এই উৎসবে!

Advertisement

কোট, সুট, টাইয়ের ফাঁস হঠাৎ যেন উধাও। ভিন্দেশি আদব-কায়দার মোড়ক সরিয়ে পুরোদস্তুর বাঙালিয়ানা চারপাশে। শাড়ি, পাঞ্জাবির সমাহারে ইংল্যান্ডের এক কোণের পুজোয় ম্যাডক্স স্কোয়ার, বাগবাজারের ছবি ভাসে।

সমুদ্রপারের শহর বোর্নমাউথের ডরসেট ইন্ডিয়ান অ্যাসোসিয়েশনে শারদোৎসবের সকাল-বিকেল ঢাকের বাদ্যি, ধুনিচির ধোঁয়া, পুজোর ফুলের সুবাসে বাঙালি পোশাকের ভিড়ে কী ভাবে হারিয়ে যায় স্থান-কাল। মন ফেরে হাজার হাজার মাইল দূরের কল্লোলিনী কলকাতাতেই। অনলাইনের অ্যাপে আঙুল ঘোরে পুজোর মাস দু'য়েক আগে থেকেই। হালের বাঙালি-ফ্যাশনে কী পছন্দের, নজর থাকে সে দিকেই। এ বার সংগঠনের মহিলা সদস্যদের অনেকেরই ঝোঁক ছিল বালুচরীর দিকে। তা ছাড়াও স্বর্ণচরী, সিল্কের শাড়ি তো রয়েছেই। আমাদের পছন্দ আদি, অকৃত্রিম পাঞ্জাবি। তবে তার নকশায় একে অন্যকে তাক লাগাতে সকলেই তৈরি। সপ্তমীর সকালেই তার আঁচ মিলবে।

বছরের এই চারটে দিনই তো নিজেদের মাটি থেকে বহু দূরেও দেশের মাটির গন্ধ নিয়ে কাটানোর সুযোগ। কে তা হারাতে চায়! তাই বলে শুধু দেশের লোকই নয়, এই পুজোয় ভিড় জমে ইউরোপীয়দেরও। আসেন বাংলাদেশি মানুষজন। দুগ্গাপুজোর প্রসাদের কদর কত তাঁদেরও, খিচুড়ি, লাভডার ভোগের প্লেট দেখলেই বোঝা সহজ। শিঙাড়া, পাপড়ি চাট, মিষ্টি, পাঁপড়ও চেটেপুটে খাই সববাই। না হলে তো ফের এ সব পাতে পেতে বছরখানেকের অপেক্ষা।

বিকেল-সন্ধ্যা রঙিন হয় বাঙলার সুর-তালে। কেউ করেন গান, কেউ একক নাচ, কবিতা। একাক্ষ নাটকও। রেকর্ডে পুরনো দিনের সন্ধ্যা, লতা, আশা, কিশোরের গানে অমোঘ নস্ট্যালজিয়া। বিসর্জনে 'আসছে বছর আবার হবে'র রব।

পুজোর এমন নেশার আমেজ আর কোথায়!

(এই প্রতিবেদনটি আনন্দবাজার পত্রিকার মুদ্রিত সংস্করণ থেকে নেওয়া হয়েছে)

অন্য বিষয়গুলি: [Durga Puja 2023](#) [Britain](#) [Bournemouth](#)
[Durga idol](#)

আরও পড়ুন

আনন্দবাজার পত্রিকা অনলাইন

বাটিকা হামলায় ধ্বংস রুশ
ফৌজের তেলের ভান্ডার! এ
বার কি ক্রাইমিয়া দখলের
যুদ্ধে ইউক্রেন?

আনন্দবাজার পত্রিকা অনলাইন

কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে
যুগান্তকারী গবেষণা,
পদার্থবিদ্যায় নোবেল
হপফিল্ড-হিন্টনের জুটির

আনন্দবাজার পত্রিকা অনলাইন

লেবাননে ১০ হাজার সেনা
পাঠান ইজরায়েল!
হিজবুল্লাহ ১৩০টি ডেরা
কব্জা, দাবি আইডিএফের

Advertisement



সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহূর্তে। ফলো করুন আমাদের মাধ্যমগুলি:



Advertisement

আরও পড়ুন

আনন্দবাজার পরিকা অনলাইন

আনন্দবাজার পরিকা অনলাইন

আনন্দবাজার পরিকা অনলাইন

নিয়োগ শুরু উচ্চ প্রাথমিকে

আগুনের বর্ণমালায় লেখা
নারীর বোধন

রাজনীতি মানেই দুর্নীতি নয়,
বুদ্ধের বই হাতে বিমান

‘ধর্ষণ
এপি

Advertisement

Follow us on



News

Kolkata
West Bengal
India
World
Sports
Entertainment
Business
Science

Opinion

Editorial
Letters to the Editor

Living

Lifestyle
Travel
Recipes
Book Review
Horoscope

More

Ananda Utsav
Photo
Video
Robibashoriyo
Patrika

Compi

Terms o
About U
Advertis
Privacy

Download the latest Anandabazar app



Websites

The Telegraph *online*

edugraph

© 2024 ABP Pvt. Ltd.